

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫১৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি আসরের সালাত বিলম্বে আদায় করতে ভালবাসে এবং তাড়াতাড়ি আদায় করতে অপছন্দ করে, তার কথা অপনোদনকারী হাদীস

ذِكْرُ الْخَبَرِ الْمُدْحِضِ قَوْلَ مَنْ أَحَبَّ تَأْخِيرَ الْعَصْرِ وكَرِهَ التَّعْجِيلَ بِهَا

## আরবী

1513 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: طَخْبَرَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ قَالَ: حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ حَدَّثَنِي أَبُو النَّجَاشِيِّ قَالَ: سَمِعْتُ رَافِعَ بْنَ خَدِيجٍ يَقُولُ: كُنَّا نُصلِّي الْعَصْرَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ تُنحر الْجَزُورُ فَحُديجٍ يَقُولُ: كُنَّا نُصلِّي الْعَصْرَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ تُنحر الْجَزُورُ فَتُقسم عَشْرَ قِسَمٍ ثُمَّ تُطبخ فَنَأْكُلُ لَحْمًا نَضِيجًا قَبْلَ أَنْ تَغْرُبَ الشَّمْسُ وَكُنَّا نُصلِي الْمَعْرِبَ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَيَنْصَرِفُ أَحَدُنَا وَإِنَّهُ لَيَنْظُرُ إلى موقع نَبْله.

الراوي: رَافِع بْن خَدِيجٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1513 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (442).

## বাংলা

১৫১৩. রাফি বিন খাদীজ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে আসরের সালাত আদায় করতাম, তারপর উট জবাই করা হতো অতঃপর তা দশভাগে ভাগ করা হতো তারপর আমরা সূর্য অস্ত যাওয়ার আগেই তা রান্না করে পাকানো গোশত খেতাম। আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে মাগরিবের সালাত আদায় করতাম, অতঃপর আমাদের কেউ চলে যেতেন, তারপর তিনি (নিক্ষিপ্ত) তীর পতিত হওয়ার স্থান দেখতে পেতেন।"[1]

## ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ৪/১৪১-১৪২; সহীহ মুসলিম: ৬২৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩২৭; সহীহ আল বুখারী: ২৪৮৫; দারাকুতনী: ১/২৫২; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৯৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৬৭; ইবনু মাজাহ: ৬৮৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: 88২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ রাফি ইবনু খাদীজ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন